# সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৫০৯০

৩৭/ নিদ্রা সম্পর্কীয় (كتاب النوم)

পরিচ্ছেদঃ ৩৭. ব্যক্তি অনুমতি চাওয়ার সময় ক'বার সালাম করবে?

باب كَمْ مَرَّةٍ يُسَلِّمُ الرَّجُلُ فِي الاِسْتِئْذَانِ

আরবী

حَدَّثَنَا أَحْمَدُ بْنُ عَبْدَةَ، أَخْبَرَنَا سُفْيَانُ، عَنْ يَزِيدَ بْنِ خُصَيْفَةَ، عَنْ بُسْرِ بْنِ سَعِيدٍ، عَنْ أَبِي سَعِيدٍ الْخُدْرِيِّ، قَالَ كُنْتُ جَالِسًا فِي مَجْلِسٍ مِنْ مَجَالِسِ الأَنْصَارِ فَجَاءَ أَبُو مُوسَى فَزِعًا فَقُلْنَا لَهُ مَا أَفْزَعَكَ قَالَ أَمَرَنِي عُمَرُ أَنْ آتِيَهُ فَأَتَيْتُهُ فَاسْتَأْذَنْتُ ثَلاَثًا فَلَمْ يُؤْذَنْ لِي فَرَجَعْتُ فَقَالَ مَا مَنَعَكَ أَنْ تَأْتِيَنِي قُلْتُ قَدْ جِئْتُ فَاسْتَأْذَنْتُ ثَلاَثًا فَلَمْ يُؤْذَنْ لِي وَقَدْ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم ‏"‏ إِذَا اسْتَأْذَنَ أَحَدُكُمْ ثَلاَثًا فَلَمْ يُؤْذَنْ لَهُ فَلْيَرْجِعْ ‏"‏ ‏.‏ قَالَ لَتَأْتِيَنِّي عَلَى هَذَا بِالْبَيِّنَةِ قَالَ فَقَالَ أَبُو سَعِيدٍ لاَ يَقُومُ مَعَكَ إِلاَّ أَصْغَرُ الْقَوْمِ ‏.‏ قَالَ فَقَامَ أَبُو سَعِيدٍ مَعَهُ فَشَهِدَ لَهُ ‏.‏

বাংলা

৫০৯০. আহমদ ইবন আবদা (রহঃ) ..... আবূ সাঈদ খুদরী (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেনঃ একদা আমি আনসারদের এক মজলিসে বসেছিলাম। এ সময় আবূ মূসা (রাঃ) সেখানে ভীত-সন্ত্রস্থ অবস্থায় হাযির হন। আমরা তাকে জিজ্ঞাসা করিঃ আপনার ভয়ের কারণ কি? তিনি বলেনঃ উমার (রাঃ) আমাকে ডাকেন এবং আমি তার কাছে উপস্থিত হয়ে তিনবার অনুমতি প্রার্থনা করি। কিন্তু তিনি আমাকে অনুমতি না দেয়ায় আমি ফিরে এসেছি। এরপর তিনি আমাকে জিজ্ঞাসা করেনঃ তুমি আমার কাছে কেন আসনি? তখন আমি বলিঃ আমি গিয়ে তিনবার অনুমতি চেয়েছিলাম; কিন্তু আমাকে অনুমতি দেয়া হয়নি। আর নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যখন তোমাদের কেউ তিনবার অনুমতি চায় আর তাকে অনুমতি না দেয়া হয়, তবে সে যেন ফিরে যায়। তখন উমার (রাঃ) বলেনঃ তুমি আমার সামনে তোমার এ বক্তব্যের সপক্ষে সাক্ষী পেশ কর। আবূ সাঈদ (রাঃ) বলেনঃ তোমার সামনে এ সম্পর্কে কাওমের সব চাইতে ছোট ব্যক্তি সাক্ষ্য দেবে। এরপর আবূ মূসা (রাঃ)-তাঁর সংগে যান এবং তিনি তার সামনে সাক্ষ্য প্রদান করেন।

## English

Abu Sa’id al-Khudri said:
I was sitting in one of the meeting of the Ansar. Abu Musa came terrified. We asked him; what makes you terrified? He replied: ‘Umar sent for me; so I went to him and asked his permission three times, but he did not permit me (to enter), so I came back. He asked; what has prevented you from coming to me? I replied: I came and asked permission three times, but it was not granted to me (so I returned). The Messenger of Allah (May peace be upon him) has said: When one of you asks permission three times and it is not granted to him, he should go away. He (‘Umar’) said; establish the proof of it. So Abu Sa’id said: the youngest of the people will accompany you. So Abu Sa’id got up with him and testified.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আবূ সা’ঈদ খুদরী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=37196

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন